যুগান্তর

তারিখ ৬/১১/২০০৩
পৃষ্ঠা ১২ কলাম ৩

### শিবির সভাপতি-সম্পাদকসহ ২০ জনের বিরুদ্ধে মামলা

# ছাত্রলীগের লাগাতার অবরোধে চট্টগ্রাম ভার্সিটি অচল, ক্লাস ও পরীক্ষা হয়নি

**নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ** ছাত্রলীগের ডাকা লাগাতার অবরোধে গতকাল প্রথম দিনেই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কার্যত অচল হয়ে পড়েছিল। বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগের ক্লাস এবং পরীক্ষা হয়নি। শহর থেকে যাতায়াতকারী ট্রেনগুলোর ২টি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গেলেও তাতে ছাত্র-ছাত্রীদের উপস্থিত ছিল নগণ্য। এদিকে শনিবার ছাত্রলীগ নেতা-কর্মীদের ওপর হামলার ঘটনায় শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ২০ জনকে আসামি করে মামলা দায়ের করেছে ছাত্রলীগ। তাছাড়া আজ থেকে ক্যাম্পাসে শিক্ষক বস চলাচলও নিষিদ্ধ ঘোষণা করেছে ছাত্রলীগ নেতারা।

আমাদের বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, গতকাল ছিল ছাত্রলীগের লাগাতার অবরোধ কর্মসূচির প্রথম দিন। আর এদিনেই কার্যত অচল হয়ে পড়ে চ. বি ক্যাম্পাস। প্রশাসনিক কাজ-কর্ম ঢিমেতালে চললেও বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগেই ক্লাস ও পরীক্ষা হয়নি বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়। আবাসিক হলগুলোতে অবস্থানরত ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে ঘোরা-ফেরা করলেও সবার মনে ছিল অজানা আশঙ্কা। শিবির নেতা-কর্মীরা ক্যাম্পাসে ছিল ব্যাপক তৎপর। তারা শাটল ট্রেন চলাচলে সফল হলেও ছাত্রছাত্রীদের উপস্থিতি দেখে হতাশ হয়েছে। ক্লাস শুরুর ব্যাপক চেষ্টা করেও তারা ব্যর্থ হয় বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়। অন্যদিকে ছাত্রলীগ আজ থেকে ক্যাম্পাসে শিক্ষক বাস চলাচলও নিষিদ্ধ ঘোষণা করেছে।

এদিকে শনিবার ছাত্রলীগ নেতা-কর্মীদের ক্যাম্পাসে প্রবেশকালে হামলার ঘটনায় শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আলাউদ্দিন শিকদার ও সাধারণ সম্পাদক দিদারুল আলম মজুমদারসহ ২০ জন শিবির ক্যাডার ও নেতা-কর্মীর বিরুদ্ধে হাটহাজারী থানায় মামলা দায়ের করেছে ছাত্রলীগ। অন্যদিকে শিবিরও ছাত্রলীগ নেতা-কর্মীদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচ্ছে বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়। এ অবস্থায় ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে। যেকোন সময় ক্যাম্পাসে আবারো সশস্ত্র হামলার আশঙ্কা করছে সাধারণ ছাত্রছাত্রীরা। অবশ্য শনিবারের সংঘর্ষের পর ক্যাম্পাসে যথারীতি পুলিশি তৎপরতা বৃদ্ধি পেয়েছে।

ছাত্রলীগের ডাকা অবরোধ কর্মসূচির ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে উপাচার্য অধ্যাপক ফজলী হোসেন বলেন, ছাত্রলীগ অবরোধ ডাকলে আমার করার কিছু নেই। তিনি চ. বি সচল করার ব্যাপারে উদ্যোগ নেবেন কিনা—এ প্রশ্নের জবাবে বলেন, তা যথাসময়ে দেখা যাবে।